

## খ) গোষ্ঠী মেয়াদী বীমা :

### Group Endowment Insurance

গ্রহপত্তন সদস্যদের মৃত্যু ঝুঁকি ও ভবিষ্যৎ সংপত্তিয়ের উদ্দেশ্যে এ বীমা পরিকল্পনা গ্রহণ করা হয়।  
মেয়াদের মধ্যে বীমাবৃত্ত সদস্যের মৃত্যুতে অথবা বেঁচে থাকলে মেয়াদান্তে বীমা অংক ফেরত পাওয়া  
যায়।

#### এই বীমার বৈশিষ্ট্যসমূহ :

- ❖ বীমার প্রতেকালীন বয়সসীমা : ১৮ থেকে ৬০ বছর (ক্ষেত্র বিশেষে ৬৫ বছর)
- ❖ গোষ্ঠী বীমার সদস্য সংখ্যা : ২০ জন থেকে তদুর্ধ
- ❖ চুক্তির মেয়াদ : ৫ থেকে ২৫ বছর পর্যন্ত
- ❖ বীমা অংক : বীমা গ্রহীতার প্রস্তাব অনুযায়ী বীমা অংক নির্ধারণ করা হয়
- ❖ প্রিমিয়াম প্রদত্তি : বার্ষিক
- ❖ সহযোগী বীমা : এ বীমার সাথে কিছু অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে  
সহযোগী বীমা সুবিধা নেয়া যেতে পারে। এতে  
দুর্ঘটনাজনিত মৃত্যুতে বীমা অংকের দ্বিগুণ সুবিধা  
(DIAB) এবং বীমা অংকের দ্বিগুণ  
সুবিধাসহ অঙ্গহানী ক্ষতিপূরণ সুবিধা (PDAB) ও  
গুরব্যাধী বীমা (CIB) সুবিধা পাওয়া যাবে।

#### এই বীমার সুবিধাসমূহ :

- ১। এই বীমার প্রিমিয়ামের হার অনেক কম।
- ২। বীমা গ্রহীতার মৃত্যুতে পূর্ব নির্ধারিত বীমা অংক পরিশোধ করা হয়। মেয়াদ পর্যন্ত বেঁচে থাকলে  
বীমা অংকের ২৫%, ৫০%, ৭৫% ও ১০০% চুক্তি অনুযায়ী পরিশোধ করা হয়।
- ৩। গ্রহপত্তন সদস্যের মৃত্যুতে দ্রুত বীমা দাবী পরিশোধ করা হয়।
- ৪। এই পরিকল্পনা পলিসির সমর্পণ মূল্য পাওয়া যায়।
- ৫। এই বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।